



## গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

Gazipur Palli Bidyut samity-2

সদর দপ্তর

রাজেন্দ্রপুর, গাজীপুর

টেলিফোন : ০২-৯২০২৭৮৩

E-mail: gazipbs2@gmail.com

Web: pbs2.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩৩০.৫৭৭.০৭.০২৩.২৪.২৭৮৫


তারিখঃ ২৭.০৫.২০২৪ খ্রিঃ

### বিষয় : সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের স্থায়ী পূর্ব যোগ্যতা নবায়নের বিজ্ঞপ্তি।

উল্লিখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বৎসরে অত্র সমিতির বৈদ্যুতিক লাইন নির্মাণ/রক্ষনাবেক্ষন/আপগ্রেডেশন (১০০-৪১/৪২) কাজ করার নিমিত্তে তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের স্থায়ী পূর্ব যোগ্যতা নবায়নের জন্য পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী নির্ধারিত ফরমে বর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনের জন্য অনুরোধ করা হলো।


#### শর্তাবলী :-

- ০১। সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান সাপেক্ষে নবায়ন ফরম আগামী ১৯/০৬/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় সমিতির ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। উক্ত নবায়ন ফরম যথাযথভাবে পূরণ পূর্বক প্রতিষ্ঠানের মালিকের স্বাক্ষর সহকারে অদ্য হতে আগামী ২০/০৬/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রয়োজনীয় ডকুমেন্ট সহকারে সমিতির সদর দপ্তরের প্রসাশন বিভাগে রিসিভিং এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। তবে উল্লেখ্য যে, কোন ঠিকাদারী প্রতিষ্ঠান ২০২৩-২০২৪ অর্থ-বছরে নবায়নের জন্য আবেদন না করলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪০০০/- (চার হাজার) এবং ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ-বছরে নবায়নের জন্য আবেদন না করলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৮০০০/- (আট হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করতে হবে।
- ২। পরপর তিন বছর (২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ-বছর) নবায়নের জন্য আবেদন না করলে পবিস নির্দেশিকা অনুযায়ী উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা/তালিকাভুক্তি বাতিল বলে গণ্য হবে বিধায় নবায়নের আবেদন করার প্রয়োজন নাই।
- ০৩। নবায়নের আবেদন পত্রের সহিত পূর্বের অর্থ বছরে উক্ত প্রতিষ্ঠান যে সকল দরপত্রে অংশগ্রহন করেছে (পবিস ওয়ারী) তার তালিকা উল্লেখ/সংযুক্ত করতে হবে, অন্যথায় আবেদনটি নবায়নের জন্য বিবেচিত হবে না।
- ০৪। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের যোগ্যতার প্রমাণপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, এবিসি লাইসেন্স, বৈদ্যুতিক সুপারভাইজারী লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (১০ লক্ষ টাকার কাজ করার ক্ষমতা সম্পন্ন), রেজিস্ট্রেশন, চলতি আয়কর সনদপত্র, মূল্য সংযোজন কর, তালিকাভুক্তির সনদ ও অন্যান্য আনুষঙ্গিক সনদপত্রের সত্যায়িত ফটোকপি নবায়ন ফরমের সহিত জমা প্রদান করতে হবে।
- ০৫। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের তালিকাভুক্তির নবায়নের জন্য বাপবিবোর্ডের প্রশিক্ষন পরিদপ্তর কর্তৃক প্রশিক্ষনপ্রাপ্ত ০১ জন সুপারভাইজার ও ০১ জন লাইনম্যান এর সনদ এর সত্যায়িত ফটোকপি নবায়ন ফরমের সহিত জমা প্রদান করতে হবে।
- ০৬। নবায়ন ফি বাবদ টাকা জমার রশিদের মূল কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।
- ০৭। মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে যে যে পবিসে তালিকাভুক্তি আছে তার তালিকা দিতে হবে।
- ০৮। অসম্পূর্ণ, ঘষামাজা/ওভার রাইটিং আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। নির্ধারিত সময়সীমার পর আবেদনপত্র বিক্রয়/ গ্রহণ করা হবে না।
- ১০। প্রতিষ্ঠানের জনবল, লাইন নির্মাণ টুলস, যানবাহন এর তালিকা নবায়ন ফরমের সহিত সংযুক্ত করতে হবে।
- ১১। আগামী ২৪/০৬/২০২৪ খ্রি: তারিখে নবায়ন মূল্যায়ন কমিটির নিকট দাখিলকৃত সকল দলিলাদির মূল কপি, ব্যবহৃত টুলস/যানবাহন এবং লোকবল সহ উপস্থিত থাকতে হবে।
- ১২। মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের কৃতকর্মের জন্য পবিস ভাবমূর্তি ক্ষুন্ন হলে, প্রশিক্ষনপ্রাপ্ত সুপারভাইজার/লাইনম্যান অন্য কোন পবিসে তালিকাভুক্ত/ কর্মরত থাকলে, কাজের গুনমত মান সন্তোষজনক না হলে, প্রয়োজনীয় যন্ত্রপাতি/যানবাহন না থাকলে এবং প্রয়োজনীয় সনদ/দলিলাদি হালনাগাদ না থাকলে উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল/স্থগিত হবে।
- ১৩। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১৪। এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজাদি প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে আর কোন অবস্থাতেই পূর্বযোগ্যতা নবায়ন করা হবে না। সকল কাগজাদি সঠিক থাকা সাপেক্ষে কেবল একবারই ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখে পূর্বযোগ্যতা নবায়নের তালিকা প্রকাশ করা হবে।

  
(প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

#### অনুলিপিঃ-

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা উত্তর জোন, বাপবিবো, ঢাকা।
- ০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার/ ..... পবিস-১/২/৩/৪।
- ০৩। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, গাজীপুর।
- ০৪। ডিজিএম, কাপাসিয়া জোনাল অফিস, গাজীপুর পবিস-২।
- ০৫। এজিএম (ওএন্ডএম), আমরাইদ/ভবানীপুর/মির্জাপুর সাব-জোনাল অফিস, গাজীপুর পবিস-২।
- ০৬। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/প্রশাসন), সদর দপ্তর, গাজীপুর পবিস-২।
- ০৭। মেসার্স .....
- ০৮। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-২।

  
(প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)  
সিনিয়র জেনারেল ম্যানেজার